ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৬২৯

আমবাসা,৮ জুলাই,২০২৫

## ধলাই জেলার ১২টি স্থানে আগামীকাল বিপর্যয় মোকাবিলা মহড়া

রাজ্যের অন্যান্য জেলার পাশাপাশি ধলাই জেলাতেও আগামীকাল সকাল ৭টা ৩০ মিনিট থেকে ডিজাস্টার ম্যানেজম্যান্ট অথরিটির সহযোগিতায় এবং জেলা প্রশাসনের উদ্যোগে ধলাই জেলার বারোটি স্থানে বন্যা এবং ভূমিধ্বস পরিস্থিতিতে বিপর্যয় মোকাবেলার লক্ষ্যে মহড়া অনুষ্ঠিত হবে। উক্ত এলাকাগুলি হল কুলাইস্থিত জেলা হাসপাতাল, পূর্ব নালীছড়া গাঁও পঞ্চায়েত, পূর্ণজয় পাড়া, কর্মানেই পাড়া ভিলেজ, কমলপুর শহরের ধলাই নদীতীরবর্তী স্থানে, দুর্গাচৌমুহনী বাজারের গ্রামীণ এলাকা, সালেমা, লংতরাইভ্যালী মহকুমার ময়নামা বাজার এলাকা, আমতলী, গণ্ডাতুইসা মহকুমার নাইরোহা চৌধুরী পাড়া, পিছলিঘাটে অবস্থিত এস.পি.ও. ক্যাম্পে, দ্রোণহরি পাড়ায়। উক্ত মহড়ায় স্বেচ্ছাসেবক (সি.ডি., আপদামিত্র, এন.জি.ও.), এস.ডি.আর.এফ., অগ্নিনির্বাপক দপ্তর, স্বাস্থ্য দপ্তর, সি.আর.পি.এফ., বি.এস.এফ., পি.ডাব্লিও.ডি., ডি.ডাব্লিও.এস., গ্রামোন্নয়ন, জলসম্পদ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর, পঞ্চায়েত দপ্তরের মোট ৪৭০ জন অংশগ্রহণ করবেন।

*****